**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 20-06-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি যোজনার ২৩তম কিস্তির টাকা সরাসরি কৃষকদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে প্রদান করেছেন।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, প্রধানমন্ত্রী কিষান সম্মান নিধি যোজনায় রাজ্যে ২ লক্ষ ৮৫ হাজারেরও বেশি কৃষক উপকৃত হচ্ছেন।**

**(৩) আগামীকাল দ্বাদশ আন্তর্জাতিক যোগ দিবস উদযাপনের জন্য রাজ্যেও ব্যাপক প্রস্তুতি।**

**(৪) ফুটবল বিশ্বকাপের দশমদিনে দুটি দেশের পরের রাউন্ডে কোয়ালিফাই এবং দুটি দেশের বিদায় নিশ্চিত হল।**

****************************************

**PM Kisan Samman Nidhi :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ পশ্চিমবঙ্গের তারকেশ্বরে প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি (PM-KISAN) যোজনার ২৩তম কিস্তির টাকা সরাসরি কৃষকদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে প্রদান করেছেন। ২৩তম কিস্তিতে তিনি দেশের মোট ৯ কোটিরও বেশি কৃষকের ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি মোট ১৮ হাজার ৮৮০ কোটি টাকা প্রদান করেছেন। গ্রামীণ অর্থনীতিতে গতি আনার ক্ষেত্রে পি এম কিষান নিধির এই অর্থে কৃষকরা ব্যাপকভাবে উপকৃত হচ্ছেন। আজ ২৩তম কিস্তির অর্থ প্রদান করে প্রধানমন্ত্রী শ্রী মোদী দেশের সমস্ত সুবিধাভোগী কৃষক পরিবারকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন।

#######Byte-PM######

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন প্রধানমন্ত্রী কিষান সম্মান নিধি যোজনায় ২২তম কিস্তি পর্যন্ত রাজ্যে ২ লক্ষ ৮৫ হাজার ৫৭১ জন কৃষকদের একাউন্টে ৯৭৭ কোটি ৮৯ লক্ষ টাকা প্রদান করা হয়েছে। আজ অরুন্ধুতিনগরস্থিত স্টেট্ এগ্রিকালচার রিসার্চ সেন্টারে পিএম কিষান সম্মান নিধি অনুষ্ঠানে তিনি একথা বলেন। 'প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি' প্রকল্পের ভূয়সী প্রশংসা করেন তিনি বলেন, এই প্রকল্পটি সরাসরি কৃষকদের ক্ষমতায়ন এবং তাঁদের জীবিকার মানোন্নয়ন করছে। অনুষ্ঠানে কৃষিমন্ত্রী রতনলাল নাথ, বিধায়কা মীনা রানী সরকার প্রমুখ উপস্থিত ছিলেন।

****************************

**PM-Kishan-State :**

পি.এম-কিষান যোজনার ২৩তম কিস্তি প্রদান অনুষ্ঠানে সরাসরি সম্প্রচার স্থানীয় কৃষক, জনপ্রতিনিধি ও সরকারি আধিকারিকরা কৈলাশহরের কৃষিবিজ্ঞান কেন্দ্র থেকে প্রত্যক্ষ করেন। ঊনকোটি জেলার ১৫ হাজারের বেশি সুবিধাভোগী কৃষক আজ পি এম কিষান যোজনার কিস্তির অর্থ পেয়েছেন। কৈলাশহরের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঊনকোটি জিলা পরিষদের কৃষি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি শ্যামল দাস। এখানে কৃষকদের মধ্যে গাছের চারা এবং সবজির বীজ বিতরণ করা হয়। কৈলাশহরের কৃষি তত্বাবধায়কের মিলনায়তনে প্রধানমন্ত্রীর অনুষ্ঠানের সরাসরি সম্প্রচার প্রত্যক্ষ করেন কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়।

গোমতী জেলার সবকয়টি কৃষি মহকুমা অফিসে সম্প্রচার অনুষ্ঠানে অংশ নিয়েছে কৃষক, জন প্রতিনিধি, কৃষি আধিকারিকগণ। কৃষক প্রশিক্ষণ হলে উপস্থিত ছিলেন বিধায়ক রঞ্জিত দাস, অমরপুর বি এ সি চেয়ারম্যান রবিত্র জমাতিয়া, অমরপুর নগর পঞ্চায়েত চেয়ারম্যান বিকাশ সাহা। টেপানিয়া ব্লকে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, পঞ্চায়েত সমিতির চেয়ার পার্সন ঝর্ণা দাস।

**************************

**PM-Kishan-Khowai :**

খোয়াই দিব্যোদয় কৃষি বিজ্ঞান কেন্দ্রে উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা সিংহ রায়, সহ সভাধিপতি সত্যেন্দ্র চন্দ্র দাস, খোয়াই মহকুমা ম্যাজিস্ট্রেট নির্মল কুমার ঝাঁ, দিব্যোদয় কৃষি বিজ্ঞান কেন্দ্রের প্রধান ডঃ মনোজ সিং সাচান প্রমুখ।

***************************

**Congress Press Meet :**

দেশজুড়ে বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষা, শিক্ষাব্যবস্থা এবং কর্মসংস্থানের পরিস্থিতি নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছে প্রদেশ কংগ্রেস। আজ আগরতলায় কংগ্রেস ভবনে আয়োজিত সাংবাদিক সম্মেলনে প্রদেশ কংগ্রেস মুখপাত্র প্রবীর চক্রবর্তী অভিযোগ করেন রাজ্যে বেকারত্বের হার জাতীয় গড়ের তুলনায় বেশি। তিনি সরকারি বিভিন্ন দপ্তরে শূন্যপদে অবিলম্বে নিয়োগের জন্য দাবি জানান।

*****************************

**Voice Over-NDA Govt :**

পরিবেশ সংরক্ষণ ও বন্যপ্রাণ রক্ষায় বিগত ১২ বছরে একাধিক উল্লেখযোগ্য পদক্ষেপ নিয়েছে এনডিএ সরকার। ২০৪৭ এর মধ্যে সর্বাত্মক বিকশিত ভারতের স্বপ্ন পূরণে দেশের জাতীয় জলজ প্রাণী গঙ্গার ডলফিন ও চিতা বাঘের প্রকল্পে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। একটি প্রতিবেদন।

#######VC#######

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**Yoga Day-National :**

আগামীকাল দ্বাদশ আন্তর্জাতিক যোগ দিবস। বিশ্বজুড়ে পালিত হবে আন্তর্জাতিক যোগ দিবস ২০২৬। এই বছর ভাবনা হল 'সুস্থ বার্ধক্যের জন্য যোগ'। সংস্কৃতি মন্ত্রক ভারতের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য এবং যোগের প্রথাকে একত্রিত করে আগামীকাল দেশজুড়ে ১০০টি গুরুত্বপূর্ণ স্থানে বিশেষ আন্তর্জাতিক যোগ দিবসের অনুষ্ঠানের আয়োজন করবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল কলকাতার ঐতিহাসিক রেড রোডে আন্তর্জাতিক যোগ দিবসে অংশ গ্রহণ করবেন। রাজ্যেও আগামীকাল আন্তর্জাতিক যোগ দিবস উদযাপনের জন্য ব্যাপক প্রস্তুতি নেওয়া হয়েছে।

*****************************

**Yoga Day Rally :**

দ্বাদশ আন্তর্জাতিক যোগা দিবসকে সামনে রেখে পশ্চিম জেলা যোগা এসোসিয়েশন, জাতীয় আয়ুষ মিশন ও ভারতীয় রেড ক্রস সোসাইটির যৌথ সহযোগিতায় আজ এক র‍্যালি অনুষ্ঠিত হয়। র‍্যালিটি রাজধানীর রেডক্রস সোসাইটির সামনে থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে উজ্জয়ন্ত প্রসাদের সামনে এসে শেষ হয়। র‍্যালিতে অংশ নেন পশ্চিম

জেলার জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল, রাজ্য ক্রীড়া পর্ষদের সচিব সুকান্ত ঘোষ, ত্রিপুরা যোগা এসোসিয়েশনের সচিব দিব্যেন্দু দও সহ ছাত্র ছাত্রীরা। উল্লেখ্য আগামীকাল দ্বাদশ আন্তর্জাতিক যোগা দিবস রাজ্যেও পালিত হবে।

*****************************

**Yoga Day–South :**

আগামীকাল দ্বাদশ আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষে আজ বিলোনিয়ার যোগমায়া কালীবাড়ীতে যোগা শিবির অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন যোগমায়া কালীবাড়ির সভাপতি ডাঃ জগদীশ নমঃ, দক্ষিণ জেলার জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি। শিবির পরিচালনা করেন যোগাগুরু বাবুল বৈদ্য, জাতীয় স্বীকৃতি প্রাপ্ত যোগা বিশেষজ্ঞ হরিশঙ্কর দত্ত।

**************************

**NTA :**

নিট–ইউজি ২০২৬ পুনঃপরীক্ষা আগামীকাল অনুষ্ঠিত হবে। ন্যাশনাল টেস্টিং এজেন্সি পুনঃপরীক্ষার প্রস্তুতির অংশ হিসেবে আজ দেশব্যাপী এক মক ড্রিল পরিচালনা করেছে। সারা দেশের বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে মকড্রিলে আড়াই লক্ষেরও বেশি নিরাপত্তাকর্মী অংশ নিয়েছেন। এনটিএ জানিয়েছে, দেশে ৫৫১টি শহর এবং বিদেশের ১৪টি শহরে ২২ লক্ষ ৭৯ হাজার জনেরও বেশি পরীক্ষার্থীর জন্য এই পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষাকে স্বচ্ছ ও নিরপেক্ষ রাখতে বহুস্তরীয় নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে। এর মধ্যে রয়েছে সিসিটিভি নজরদারি, আধারভিত্তিক বায়োমেট্রিক যাচাই এবং পরীক্ষার সামগ্রী পরিবহনে পুলিশ এসকর্টসহ জিপিএস–সজ্জিত যানবাহন। পুনঃপরীক্ষা আগামীকাল দুপুর ২টা থেকে বিকেল ৫টা ১৫ মিনিট পর্যন্ত লিখিতভাবে নেওয়া হবে।

**************************

**FIFA World Cup :**

২০২৬ ফুটবল বিশ্বকাপের সর্বশেষ দুই ম্যাচে ব্রাজিল ৩–০ গোলে পরাজিত করেছে হাইতিকে। অন্যদিকে, প্যারাগুয়ে ১–০ গোলে হারিয়েছে তুর্কিয়েকে।

এদিকে, নিজেদের দ্বিতীয় ম্যাচেও জয় তুলে নিয়ে আয়োজক দুই দেশ মেক্সিকো ও মার্কিন যুক্তরাষ্ট্র ইতিমধ্যেই রাউন্ড অব 32–এ জায়গা নিশ্চিত করেছে। অন্যদিকে, টানা দুই ম্যাচে পরাজয়ের ফলে গ্রুপ 'সি' থেকে হাইতি ও গ্রুপ 'ডি' থেকে তুর্কিয়ের নকআউট পর্বে ওঠার আশা শেষ হয়ে গেছে।

ভারতীয় সময় আজ রাত সাড়ে দশটায় নেদারল্যান্ডস মুখোমুখি হবে সুইডেনের। এরপর রাত দেড়টায় জার্মানি খেলবে আইভরি কোস্টের বিরুদ্ধে। আর আগামীকাল ভোর সাড়ে পাঁচটায় ইকুয়েডরের প্রতিপক্ষ কুরাসাও।

**************************

**Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লীগ ফুটবল প্রতিযোগিতায় আজ ২টি খেলা হয়। উমাকান্ত মিনি স্টেডিয়ামে প্রথম খেলায় জম্পুইজলা প্লে সেন্টার ২–০ গোলে ইকফাই ফুটবল ক্লাবকে পরাজিত করে। পরে একই মাঠে ইউনাইটেড বি এস টি ৩–২ গোলে কদমতলী যুব সংস্থাকে হারিয়ে দেয়।

*************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় দক্ষিণ, গোমতী, উত্তর ও ধলাই জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.২ ডিগ্রি সেলসিয়াস।

****************************